গোরা কহিল—বিনয়, তোমার বাপ মা সার্থক তোমার নাম রেখেছিলেন।

বিনয় কহিল—আমার কাছে বোধ হয় তাঁরা আর কোনো গুণ প্রত্যাশা করেননি বলেই বিনয় গুণটির জন্যে দোহাই পেড়ে গিয়েছেন নইলে সংসারে হাস্যাস্পদ হতে হত।

এমনি করিয়া প্রথম আলাপের সঙ্কোচ কাটিয়া গেল।

বিদায় লইবার সময় সুচরিতা বিনয়কে বলিল,—আপনি একবার আমাদের ওদিকে যাবেন না!


সুচরিতা বিনয়কে যাইতে বলিল, গোরাকে বলিতে পারিল না। গোরা তাহার ঠিক অর্থটা বুঝিল না—তাহার মনের মধ্যে একটা আঘাত বাজিল। বিনয় যে সহজেই সকলের মাঝখানে আপনার স্থান করিয়া লইতে পারে, আর, গোরা তাহা পারে না, এজন্য গোরা ইতিপূর্ব্বে কোনোদিন কিছুমাত্র খেদ অনুভব করে নাই—আজ নিজের প্রকৃতির এই অভাবকে অভাব বলিয়া বুঝিল।

---


# স্বরলিপি।

## মিশ্র—খেমটা।

গান—শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। স্বর—ঐ।







শ্রীদীনেন্দ্রনাথ ঠাকুর।

আরো আরো প্রভু আরো
যেমনি খুসি আমায় মারো।
লুকিয়ে থাকি আমি পালিয়ে বেড়াই,
ধরা পড়ে গেছি আর কি এড়াই!
যা কিছু আছে সব কাড়ো কাড়ো॥

